দৈনিক বাংলা

13

তারিখ ... ১৩।৪।৯৫ ...
পৃষ্ঠা ১ কলাম ... ৭ ......

### কাল অনার্সে ভর্তি পরীক্ষা শুরু

# ঢাকা ভার্সিটি বিজ্ঞান অনুষদে ১১৫০ সিটে ২১০০০ পরীক্ষার্থী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আগামীকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৪-৯৫ শিক্ষা বছরের অনার্স প্রথম বর্ষ 'ক' ইউনিটের (বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়সহ রাজধানীর বিভিন্ন কলেজের মোট ২৩টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। সবচেয়ে প্রতিদ্বন্দ্বিতা পূর্ণ এই ইউনিটের ১১৫০টি সিটের জন্য মোট ২১ হাজার ৩১৯ জন পরীক্ষার্থী অংশ নেবেন।

অন্য দিকে আগামী ১৫ এপ্রিল 'গ' (বাণিজ্য অনুষদ) ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই ইউনিটে ৬৪০টি আসনের বিপরীতে ১০ হাজার ৭৩৯ জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। ১৬ এপ্রিল অনুষ্ঠিত হবে বিষয় পরিবর্তনের জন্য নির্ধারিত 'ঘ' ইউনিটের পরীক্ষা। এই ইউনিটে প্রতিটি সিটের জন্য ২৯ জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা

(৫-এর পৃঃ দ্রঃ)

( প্রথম পৃষ্ঠার পর ) **ঢাকা ভার্সিটি বিজ্ঞান অনুষদে ১১৫০**

করবেন। এই ইউনিটের ৫০৪টি আসনের জন্য পরীক্ষার্থীর সংখ্যা ১৪ হাজার ২২৫টি।

এছাড়া কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ, 'খ' ইউনিটের পরীক্ষা ২১ এপ্রিল অনুষ্ঠিত হবে। এই ইউনিটে সিট সংখ্যা ১৫শ'। পরীক্ষার্থীর সংখ্যা ১৭ হাজার ৩০ জন।

এদিকে ভর্তি পরীক্ষা দেয়ার জন্য ইতিমধ্যে ছাত্রছাত্রীরা কেন্দ্রের আশপাশের বিভিন্ন জায়গা অবস্থান করছেন। এবার ভর্তির আনুষ্ঠানিকতা শেষে নির্ধারিত সময়ে অর্থাৎ জুলাই মাসেই প্রথম বর্ষের ক্লাস শুরু হবে।